**Questions no.13. লিঙ্গ ক্ষমতায়ন পরিমাপক বা Gender Empowerment Measure (GEM) কি?**

## উওর

Gender Empowerment Measure (GEM) হল একটি পরিমাপক সূচক, যা নির্ধারণ করে নারীরা সমাজের রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষেত্রে কতটা ক্ষমতাসম্পন্ন ও অংশগ্রহণমূলক অবস্থানে রয়েছে। এটি একটি দেশের লিঙ্গভিত্তিক ক্ষমতার ভারসাম্যকে বোঝায়। অর্থাৎ এর মূল হলো, নারীদের সিদ্ধান্ত গ্রহণ, নেতৃত্ব ও অর্থনৈতিক নিয়ন্ত্রণে কতটা অগ্রগামী তা বিচার করা।

GEM সূচকটি ১৯৯৫ সালে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP) কর্তৃক Human Development Report-এ প্রথম প্রকাশিত হয়। এটি তৈরি হয়েছিল Gender Development Index (GDI)-এর পরিপূরক হিসেবে, কারণ GDI শুধু মৌলিক মানব উন্নয়ন দেখে, কিন্তু GEM নারীর ক্ষমতায়নের মাত্রা নির্ধারণ করে।

**GEM এর উপাদানসমূহ:**

GEM তিনটি মূল ক্ষেত্রে নারীর অংশগ্রহণ ও নিয়ন্ত্রণ ক্ষমতা পরিমাপ করে:

ক) **রাজনৈতিক ক্ষমতা:**

জাতীয় সংসদ বা আইনসভায় নারী প্রতিনিধিত্বের শতকরা হার

**খ) অর্থনৈতিক অংশগ্রহণ:**

প্রশাসনিক ও পেশাগত উচ্চ পদে নারী কর্মীদের শতাংশ

(যেমন: ম্যানেজার, আইনজীবী, চিকিৎসক, প্রশাসক ইত্যাদি)

**গ) আয় বা সম্পদের নিয়ন্ত্রণ**:

পুরুষ ও নারীর আয় এর তুলনামূলক পার্থক্য।

GEM **হিসাব করার পদ্ধতি:**

GEM-এর জন্য তথ্য সংগ্রহ করে একটি সূচক মান নির্ধারণ করা হয়, যা ০ থেকে ১–এর মধ্যে থাকে:

১.০০ নারী ও পুরুষ সমানভাবে ক্ষমতায়িত

০.৫০ নারীর সীমিত অংশগ্রহণ

০.০০ নারীর কোনো ক্ষমতা নেই বা খুবই কম

ধরা যাক, একটি দেশের GEM মান ০.৪০

→ মানে, সেখানে নারীরা আংশিকভাবে রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষমতা অর্জন করেছে, কিন্তু এখনো অনেক পিছিয়ে।